

এই গাইডে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্পর্কিত সংবেদনশীল তথ্য থাকতে পারে

গাইড ১ – ঐচ্ছিক সাহায্যকৃত মরণ কী এবং কিভাবে আপনি আপনার কথা বলতে পারেন?

জীবনের শেষের কাছাকাছি এসেছেন এরূপ সকল টেরিটোরিবাসীদের জন্য দয়াশীল, উচ্চ-মানের, এবং সুলভ উপশমকারী যত্ন নিশ্চিত করা তাদের একটি মৌলিক অধিকার। ঠিক অন্যান্য সব অস্ট্রেলিয়াবাসীদের মত, এনটি সম্প্রদায়ের তাদের জীবনের শেষের যত্নের বিষয় পছন্দ করার স্বাধীনতা থাকা উচিত।

১৯৯৫ সালে অস্ট্রেলিয়ার প্রথম ক্ষেত্র হিসাবে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ (ভিএডি) প্রবর্তন করার এক অনন্য ইতিহাস এনটির আছে। বর্তমানে, বহু টেরিটোরিবাসী তাদের জীবনের শেষ মুহূর্ত ধৃত মূল্যবোধের সঙ্গে একত্রিত করার পছন্দসহ জীবন শেষ করার যত্নের প্রকৃত পছন্দের সম্মান করেন।

ঐচ্ছিক সাহায্যকৃত মরণ হচ্ছে একটি সম্মত নিয়ন্ত্রিত প্রক্রিয়া যা ব্যক্তিবিশেষকে যখন ইচ্ছা তখন তাঁদের জীবন শেষ করার পছন্দ দান করে, যদি তা সকল আইনি মানদণ্ড পূরণ করে।

ভিএডির কাঠামো নিরাপত্তা, নৈতিকতা, এবং ব্যক্তির ও পেশাদার স্বাস্থ্যসেবী উভয়ের সুরক্ষার উপর কঠোর গুরুত্বারোপ করে। অস্ট্রেলিয়ার সিনেট ২০২২ সালের ডিসেম্বরে, রেপ্টোরিং টেরিটোরি রাইটস এ্যাক্ট (কমনওয়েলথ) পাস করে, পূর্বের নিষেধাজ্ঞা যা এনটি ও অস্ট্রেলিয়ান ক্যাপিটাল টেরিটোরিকে ভিএডি আইন প্রবর্তনে বাধা দিয়েছিল তা দূর করে।

ঐচ্ছিক সাহায্যকৃত মরণ ইতোমধ্যে ভিক্টোরিয়া, ওয়েস্টার্ন অস্ট্রেলিয়া, টাসমানিয়া, কুইন্সল্যান্ড ও সাউথ অস্ট্রেলিয়ায় পাওয়া যায়, এবং ২০২৩ সালের নভেম্বরে নিউ সাউথ ওয়েলসে প্রবর্তন করা হবে। এসিটিও ২০২৩ সালে তার বিধানসভায় ভিএডি আইন প্রবর্তন বিবেচনা করবে।

সম্প্রদায়ের নিয়ুক্তি

একটি বিশেষজ্ঞ উপদেষ্টা প্যানেল পরামর্শ প্রক্রিয়ার অংশ হিসাবে প্রতিষ্ঠা করা হয়েছে।

প্যানেলটি, ভিকি ও'হ্যালোরান এও সিভিও এবং ডানকান ম্যাককনেল সিএস এর সহ-সভাপতিত্বে ২০২৪ সালের জুলাই মাসের মধ্যে এনটি সরকারকে দেয়ার চূড়ান্ত রিপোর্টের রূপদান করতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য টেরিটোরিবাসীদের সঙ্গে জড়িত হতে প্রতিশ্রুতিবদ্ধ।

এই পরামর্শ প্রক্রিয়ার মধ্যে থাকবে নর্দার্ন টেরিটোরির আঞ্চলিক ও দূরবর্তী প্রধান নগরকেন্দ্রগুলিতে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্বন্ধে সম্প্রদায়ের প্রশাবলী এবং প্রতিক্রিয়া শোনা এবং তার উদ্দেশ্য নিশ্চিত করা। প্যানেলের অগ্রাধিকার হবে পরামর্শ যেন আদিবাসী টেরিটোরিবাসীদের এবং অন্যান্য সাংস্কৃতিক ও ধর্মীয় গোষ্ঠীর দৃষ্টিভঙ্গি নিশ্চিত করে তা বিবেচনা করা।

এই ৫টি আলোচনার গাইড যারা ভিএডি আইন প্রণয়ন, নিয়ন্ত্রণ ও পরিচালনে অবদান রাখতে চান তাদেরকে সহায়তা করার জন্য তৈরি করা হয়েছে। এগুলি অন্যান্য অস্ট্রেলীয় স্টেটে ভিএডি সম্বন্ধে তথ্য দান করে এবং বিবেচনা করার জন্য মূল বিষয়গুলির রূপরেখা দেয় এবং গুরুত্বপূর্ণ পাঁচটি এলাকায় ফিডব্যাক দান করে। গাইডগুলি নির্দিষ্ট প্রশ্নগুলিকেও উজ্জ্বলতর করে যেগুলি বিশেষজ্ঞ প্যানেল সম্বোধন করবে:

- ১। নর্দার্ন টেরিটোরি আন্তর্জাতিক উদাহরণসহ অন্যান্য এখতিয়ারের ভিএডি অভিজ্ঞতা থেকে কী শিক্ষা গ্রহণ করতে পারে?

- ২। কে ভিএডি পেতে পারে?
- ৩। ব্যক্তিবিশেষের ভিএডি পাওয়ার প্রক্রিয়া কী হবে?
- ৪। নর্দার্ন টেরিটোরি প্রসঙ্গে ভিএডি কার্যকরভাবে বাস্তবায়ন করতে কোন যত্নের মডেল গ্রহণ করা হবে?
- ৫। ভিএডিতে জড়িত স্বাস্থ্যসেবা অনুশীলনকারীদের আইনি ও নৈতিক দায়িত্ব কী?
- ৬। ব্যক্তিবিশেষ ভিএডি প্রদান করতে চাইলে কী রক্ষাকবচ প্রতিষ্ঠা করার প্রয়োজন হবে?
- ৭। কিভাবে অনুবর্তিতা পর্যবেক্ষণ করা হবে?
- ৮। আর যে কোন প্রশ্ন যা প্যানেল প্রাসঙ্গিক মনে করে।

সমগ্র এনটির বিভিন্ন সেক্টর হতে স্টেকহোল্ডারগণ, স্বাস্থ্য, বেসরকারি সংগঠন, সম্প্রদায় গ্রুপ, আদিবাসী সম্প্রদায়-নিয়ন্ত্রিত সংগঠন, শিখর সংস্থা, বিশ্ববিদ্যালয়, এবং গবেষকগণসহ, সক্রিয়ভাবে জড়িত হবে।

এটা স্মরণ করা গুরুত্বপূর্ণ যে আইন বিতর্কিত ও পাস হয়ে গেলে, যোগ্য ব্যক্তিবিশেষের জন্য ঐচ্ছিক সাহায্যকৃত মরণের প্রাপ্যতা সঙ্গে সঙ্গে হবে না, যথাযথ প্রশিক্ষণ এবং প্রোটোকল এবং প্রক্রিয়া সম্পন্ন ও প্রতিষ্ঠিত করতে হবে।

ভিএডি সম্বন্ধে আরো জানতে ও আপনার ইনপুট শেয়ার করতে, cmc.nt.gov.au/vad এ যান